নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে দুই ভাই ছিল। তাদের মধ্যে একজন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে (দ্বীন শিক্ষার জন্য) আসত আরেকজন কোনো পেশায় নিয়োজিত ছিল। অতঃপর উপার্জনশীল (ভাইটা) নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে তার (শিক্ষার্থী) ভাইয়ের (কাজ না করার) অভিযোগ করল। নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, “সম্ভবতঃ তোমাকে তার কারণেই রুযী দেওয়া হচ্ছে।”

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বলেন যে, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে দুই ভাই ছিল। তাদের মধ্যে একজন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে (দ্বীন
শিক্ষার জন্য) আসত আরেকজন কোনো পেশায় নিয়োজিত ছিল। অতঃপর উপার্জনশীল (ভাইটা) নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে তার (শিক্ষার্থী) ভাইয়ের (কাজ না করার)
অভিযোগ করল। নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, “সম্ভবতঃ তোমাকে তার
কারণেই রুযী দেওয়া হচ্ছে।” [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বর্ণনা করেন যে, রাসূলুল্লাহর যামানায় দুই ভাই ছিল। তাদের একজন রাসূলের মজলিসে আসা যাওয়া করত এবং সর্বক্ষণ দরবারে পড়ে থাকত যাতে সে তার কথা ও কর্ম অবলোকন করতে এবং তার থেকে জ্ঞান অর্জন করতে পারে। আর অপর ভাই কাজ কর্ম ও কামাই রুজিতে লিপ্ত থাকত। একবার কর্মঠ ভাইটি রাসূলুল্লাহর নিকট তার বিরুদ্ধে অভিযোগ করল। তখন রাসূলুল্লাহ তাকে সান্তনা দেওয়ার উদ্দেশ্যে বললেন, হতে পারে তার বিষয়টা তোমার আঞ্জাম দেওয়া তোমার রিযিক লাভ করার উপায়। কারণ, আল্লাহ বান্দার সাহায্যে থাকেন যতক্ষণ না সে তার অপর ভাইয়ের সাহায্যে লিপ্ত।

https://sunnah.global/hadeeth/bn/show/3126